



এনএসইউতে নবনিযুক্ত বার কাউন্সিল ও আইনজীবীদের সংবর্ধনা

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) আইন বিভাগ থেকে স্নাতক সম্পন্ন করে বাংলাদেশ বার কাউন্সিল ও হাইকোর্ট বিভাগের আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হওয়া শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে। গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের সিডিকেট হলে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। নর্থ সাউথ ইউনিভার্সিটি আইন ও মুটিং সোসাইটির সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে পেশাজীবনের নতুন অধ্যায়ে পা রাখা এসব শিক্ষার্থীকে তাদের অর্জনের স্বীকৃতি হিসেবে সম্মাননা স্মারক দেওয়া হয়।

অনুষ্ঠানে নবনিযুক্ত আইনজীবীরা তাদের পেশাগত জীবনের অভিজ্ঞতা বর্তমান শিক্ষার্থীদের সঙ্গে ভাগ করে নেন। আইনজীবী হিসেবে তালিকাভুক্তির পরীক্ষার প্রস্তুতি, একাডেমিক জীবনে পরিকল্পিতভাবে এগিয়ে যাওয়া এবং আদালতে কাজের বাস্তব অভিজ্ঞতা নিয়ে তারা শিক্ষার্থীদের দিকনির্দেশনা দেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক

আবদুল হান্নান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আব্দুর রব খান। সভাপতিত্ব করেন স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন অধ্যাপক রিজওয়ানুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন আইন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ইশতিয়াক আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী আইন বিভাগের অগ্রযাত্রায় আস্থা প্রকাশ করেন। তিনি বলেন, তুলনামূলকভাবে নবীন বিভাগ হলেও নর্থ সাউথ ইউনিভার্সিটির আইন বিভাগ এরই মধ্যে বিচারব্যবস্থা, আদালত ও আইনজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে নিজেদের সক্ষমতার পরিচয় দিতে শুরু করেছে।

ভবিষ্যতেও নর্থ সাউথ ইউনিভার্সিটির আইন বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে এ ধরনের আয়োজন অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করেন আয়োজকরা। তাদের মতে, এ ধরনের উদ্যোগের মাধ্যমে বর্তমান শিক্ষার্থীদের সঙ্গে পেশাজীবী সাবেক শিক্ষার্থীদের কার্যকর যোগাযোগ তৈরি হবে। বিজ্ঞপ্তি